

কর্মকর্তাদের ছবি ব্যবহার করে প্রতারণা, শিক্ষা মন্ত্রণালয়ের সতর্কবার্তা

ইন্টেলফোক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৮ মার্চ ২০২৬, ১০:৪৮



শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের ছবি ও নাম ব্যবহার করে একটি প্রতারণাচক্র অর্থ দাবি করছে বলে অভিযোগ পাওয়া গেছে। এই চক্রটি ভুয়া মোবাইল নম্বর ও সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে সাধারণ মানুষকে বিভ্রান্ত করছে।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিষয়টি সম্পূর্ণ প্রতারণামূলক জানিয়ে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

শনিবার (৭ মার্চ) রাতে মন্ত্রণালয়ের জনসংযোগ বিভাগ থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই সতর্কবার্তা দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কিছু অসাধু ব্যক্তি কর্মকর্তাদের ছবি ব্যবহার করে বিভিন্ন ব্যক্তির কাছে অর্থ চাইছে, যার সঙ্গে মন্ত্রণালয়ের কোনো ধরনের সংশ্লিষ্টতা নেই। এ ধরনের ফোনকল বা মেসেজে বিভ্রান্ত হয়ে কোনো অবস্থাতেই অর্থ বা ব্যক্তিগত তথ্য না দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

প্রতারণার এই বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণ করছে এবং দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। সরকারি কোনো কাজে বা লেনদেনে মন্ত্রণালয়ের আনুষ্ঠানিক মাধ্যম ছাড়া অন্য কোনো ব্যক্তিগত যোগাযোগে বিশ্বাস না করার পরামর্শ দিয়েছে কর্তৃপক্ষ।